গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখা
www.shed.gov.bd

স্মারক নং ৩৭.০০.০০০০.০৭৫.০১.০০১.২১-২৬১

তারিখ: ২৯ আশ্বিন ১৪২৮ বাংলা / ১৪ অক্টোবর ২০২১ খ্রিস্টাব্দ

**বিষয়: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের ২০২১-২০২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ১ম ত্রৈমাসিক অগ্রগতির প্রতিবেদন প্রেরণ।**

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের ২০২১-২০২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ১ম ত্রৈমাসিক অগ্রগতির প্রতিবেদন প্রয়োজনীয় কার্যার্থে নির্দেশক্রমে এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো।

**সংযুক্তি:** বর্ণনা মোতাবেক।

মোঃ ফজলুর রহমান
সিনিয়র সহকারী সচিব (অ.দা.)
☎ ৯৫৪৬১৫৮
apashed17@gmail.com

সচিব (সমন্বয় ও সংস্কার)
মন্ত্রিপরিষদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
দৃ.আ. জনাব নাহিদ সুলতানা
সিনিয়র সহকারী সচিব, শুদ্ধাচার শাখা
মন্ত্রিপরিষদ বিভাগ।

স্মারক নং ৩৭.০০.০০০০.০৭৫.০১.০০১.২১-২৬১

তারিখ: ২৯ আশ্বিন ১৪২৮ বাংলা / ১৪ অক্টোবর ২০২১ খ্রিস্টাব্দ

**অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে):**

০১। জনাব মোঃ বেলায়েত হোসেন তালুকদার, অতিরিক্ত সচিব (উন্নয়ন) ও ফোকাল পয়েন্ট, শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। উপসচিব (প্রশাসন অধিশাখা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

মোঃ ফজলুর রহমান
সিনিয়র সহকারী সচিব (অ.দা.)

## মন্ত্রণালয়/বিভাগ/রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২০২২ (১ম ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন) পরিশিষ্ট-'ক'

মন্ত্রণালয়/বিভাগ/রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের নাম: **মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।**

| কার্যক্রমের নাম | কর্মসম্পাদন সূচক | সূচকের মান | একক | বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/পদ | ২০২১-২০২২ অর্থবছরের লক্ষ্যমাত্রা | বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ, ২০২১-২০২২ | | | | | | অর্জিত মান | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | লক্ষ্যমাত্রা /অর্জন | ১ম কোয়ার্টার | ২য় কোয়ার্টার | ৩য় কোয়ার্টার | ৪র্থ কোয়ার্টার | মোট অর্জন | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ |
| **১. প্রাতিষ্ঠানিক ব্যবস্থা.......................................২২** | | | | | | | | | | | | | |
| ১.১ নৈতিকতা কমিটির সভা আয়োজন | সভা আয়োজিত | ৪ | সংখ্যা | অতি. সচিব (প্রশাসন ও অর্থ)/সদস্য সচিব | ০৪ | লক্ষ্যমাত্রা | ০১ | ০১ | ০১ | ০১ | | | |
| | | | | | | অর্জন | ০১ | | | | | | |
| ১.২ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | বাস্তবায়িত সিদ্ধান্ত | ৬ | % | অনুবিভাগ প্রধান (সকল) | ১০০% | লক্ষ্যমাত্রা | ১০০% | ১০০% | ১০০% | ১০০% | | | |
| | | | | | | অর্জন | ১০০% | | | | | | |
| ১.৩ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা | অনুষ্ঠিত সভা | ২ | সংখ্যা | অনুবিভাগ প্রধান (সকল) | ০২ | লক্ষ্যমাত্রা | - | ০১ | ০১ | - | | | |
| | | | | | | অর্জন | | | | | | | |
| ১.৪ শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | প্রশিক্ষণ আয়োজিত | ২ | সংখ্যা | অতি. সচিব (প্রশাসন ও অর্থ)/এপিএ শাখা | ৩ | লক্ষ্যমাত্রা | - | ১ | ১ | ১ | | | |
| | | | | | | অর্জন | | | | | | | |
| ১.৫ কর্ম-পরিবেশ উন্নয়ন (স্বাস্থ্যবিধি অনুসরণ/টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি ইত্যাদি | উন্নত কর্ম-পরিবেশ | ২ | সংখ্যা ও তারিখ | উপসচিব (প্রশাসন)/সেবা শাখা | ২ ৩১/১২/২১ ৩০/০৬/২২ | লক্ষ্যমাত্রা | - | ১ ৩১/১২/২১ | - | ১ ৩০/০৬/২২ | | | |
| | | | | | | অর্জন | | | | | | | |
| ১.৬ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২২ ও ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণ | কর্মপরিকল্পনা ও ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত ও আপলোডকৃত | ১ | তারিখ | অতি. সচিব (প্রশাসন ও অর্থ)/এপিএ শাখা/আইসিটি অধিশাখা | ৩০/০৬/২১ ১৫/১০/২১ ১৫/০১/২২ ১৫/০৪/২২ | লক্ষ্যমাত্রা | ৩০/০৬/২১ | ১৫/১০/২১ | ১৫/০১/২২ | ১৫/০৪/২২ | | | |
| | | | | | | অর্জন | ৩০/০৬/২১ | | | | | | |

| কার্যক্রমের নাম | কর্মসম্পাদন সূচক | সূচকের মান | একক | বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/পদ | ২০২১-২০২২ অর্থবছরের লক্ষ্যমাত্রা | বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ, ২০২১-২০২২ | | | | | | অর্জিত মান | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | লক্ষ্যমাত্রা /অর্জন | ১ম কোয়ার্টার | ২য় কোয়ার্টার | ৩য় কোয়ার্টার | ৪র্থ কোয়ার্টার | মোট অর্জন | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ |
| ১.৭ আওতাধীন দপ্তর/সংস্থা (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান | ফিডব্যাক সভা/কর্মশালা অনুষ্ঠিত | ৪ | তারিখ | অতি. সচিব (প্রশাসন ও অর্থ)/এপিএ শাখা | ৩০/০৬/২১<br>৩০/১০/২১<br>৩০/০১/২২<br>৩০/০৪/২২ | লক্ষ্যমাত্রা | ৩০/০৬/২১ | ৩০/১০/২১ | ৩১/০১/২২ | ৩০/০৪/২২ | | | |
| | | | | | | অর্জন | ০৩/০৬/২০২১ | | | | | | |
| ১.৮ শুদ্ধাচার পুরস্কার প্রদান এবং পুরস্কারপ্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ | প্রদত্ত পুরস্কার | ১ | তারিখ | অতি. সচিব (প্রশাসন ও অর্থ)/এপিএ শাখা | ৩০/০৬/২২ | লক্ষ্যমাত্রা | | | | ৩০/০৬/২২ | | | |
| | | | | | | অর্জন | | | | | | | |
| **২. আর্থিক ব্যবস্থাপনা উন্নয়ন ..................................০৮** | | | | | | | | | | | | | |
| ২.১ ২০২১-২২ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা (প্রকল্পের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনাসহ) ওয়েবসাইটে প্রকাশ | ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশিত | ২ | তারিখ | অতি. সচিব (প্রশাসন ও অর্থ/উন্নয়ন/পরিকল্পনা)/আই সিটি অধিশাখা | ৩১/০৭/২১<br>৩১/০৩/২২ | লক্ষ্যমাত্রা | ৩১/০৭/২১ | - | ৩১/০৩/২২ | - | | | |
| | | | | | | অর্জন | ২৭/০৭/২১ | | | | | | |
| ২.২ প্রকল্পের PSC ও PIC সভা আয়োজন | সভা আয়োজিত | ২ | সংখ্যা | অতি. সচিব (পরিকল্পনা/উন্নয়ন) | PSC সভা ৮০ | লক্ষ্যমাত্রা | ১৫ | ২০ | ২২ | ২৩ | | | |
| | | | | | | অর্জন | ২৩ | | | | | | |
| | | | | | PIC সভা ৮০ | লক্ষ্যমাত্রা | ১৫ | ২০ | ২২ | ২৩ | | | |
| | | | | | | অর্জন | ১৫ | | | | | | |
| ২.৩ বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন | বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়িত | ২ | % | অতি. সচিব (পরিকল্পনা) | ১০০ | লক্ষ্যমাত্রা | ১০ | ২০ | ৩০ | ৪০ | | | |
| | | | | | | অর্জন | ৯.২৯ | | | | | | |
| ২.৪ প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করা | প্রকল্পের সম্পদ বিধি মোতাবেক হস্তান্তরিত | ২ | তারিখ | অতি. সচিব (উন্নয়ন/পরিকল্পনা) | ৩০.০৯.২১<br>৩১.১২.২১<br>৩১.০৩.২২ | লক্ষ্যমাত্রা | ৩০.০৯.২১ | ৩১.১২.২১ | ৩১.০২.২২ | - | | | |
| | | | | | | অর্জন | | | | | | | |

| কার্যক্রমের নাম | কর্মসম্পাদন সূচক | সূচকের মান | একক | বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/পদ | ২০২১-২০২২ অর্থবছরের লক্ষ্যমাত্রা | বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ, ২০২১-২০২২ | | | | | | অর্জিত মান | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | লক্ষ্যমাত্রা /অর্জন | ১ম কোয়ার্টার | ২য় কোয়ার্টার | ৩য় কোয়ার্টার | ৪র্থ কোয়ার্টার | মোট অর্জন | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ |
| **৩. শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম……………২০** (অগ্রাধিকার ভিত্তিতে ন্যুনতম পাঁচটি কার্যক্রম) | | | | | | | | | | | | | |
| ৩.১ শিক্ষকদের পেনশন/ছুটি সংক্রান্ত বিষয়াদি যথাসময়ে নিস্পত্তিকরণ | প্রাপ্ত আবেদন নিস্পত্তিকরণ | ৪ | শতকরা | অতিরিক্ত সচিব (সকল) | ১০০% | লক্ষ্যমাত্রা | ১০০% | ১০০% | ১০০% | ১০০% | | | |
| | | | | | | অর্জন | ১০০% | | | | | | |
| ৩.২ পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তরের পরিদর্শন কার্যক্রমের যথার্থতা মূল্যায়ন | পরিদর্শন প্রতিবেদনের নির্দেশনাসমূহের সামঞ্জস্যতা প্রতিষ্ঠান পর্যায়ে পর্যালোচনা/ পরিবীক্ষণ | ৪ | সংখ্যা | অতিরিক্ত সচিব (অডিট ও নিরীক্ষা) | ১২ | লক্ষ্যমাত্রা | ৩ | ৩ | ৩ | ৩ | | | |
| | | | | | | অর্জন | | | | | | | |
| ৩.৩ জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)-এর প্রশিক্ষণ সক্ষমতার উন্নয়ন | প্রশিক্ষণ সক্ষমতা উন্নয়নের জন্য গঠিত কমিটির সুপারিশ বাস্তবায়ন | ৪ | শতকরা | অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) | ৭৫% | লক্ষ্যমাত্রা | | ২৫% | ২৫% | ২৫% | | | |
| | | | | | | অর্জন | - | | | | | | |
| ৩.৪ শিক্ষা সংক্রান্ত উচ্চতর গবেষণা সঞ্চালন পরিস্থিতি মনিটরিং | বিশ্ববিদ্যালয় পর্যায়ে ল্যাবরেটরি/মাঠ পর্যায়ের ক্ষেত্র পরিদর্শন/ পরিবীক্ষণ | ৪ | সংখ্যা | অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ/বিশ্ববিদ্যালয়) | ৪ | লক্ষ্যমাত্রা | ১ | ১ | ১ | ১ | | | |
| | | | | | | অর্জন | | | | | | | |
| ৩.৫ NCTB এর প্রণীতব্য পাঠ্যপুস্তকে-র উপকরণসমূহের মান সংরক্ষণ | শিক্ষা মন্ত্রণালয়ের কমিটি কর্তৃক বই ছাড়ানোর অগ্রগতি পরিদর্শন | ৪ | সংখ্যা | অতিরিক্ত সচিব (সকল) | ৫ | লক্ষ্যমাত্রা | - | ৫ | - | - | | | |
| | | | | | | অর্জন | - | | | | | | |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখা
www.shed.gov.bd

বিষয় : মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের 'নৈতিকতা কমিটি' সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোঃ মাহবুব হোসেন, সচিব

তারিখ : ১২ অক্টোবর, ২০২১ খ্রিস্টাব্দ।

সময় : বেলা ১২.০০ মিনিট।

সভার স্থান : শিক্ষা মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ।

উপস্থিতির তালিকা: পরিশিষ্ট 'ক'।

২. সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি আলোচ্য বিষয় অনুযায়ী সভা শুরু করার জন্য অতিরিক্ত সচিব (উন্নয়ন) ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, শুদ্ধাচার কৌশল-কে অনুরোধ জানান। ফোকাল পয়েন্ট কর্মকর্তা বলেন যে, ইতোমধ্যে ২০২১-২০২২ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ১ম ত্রৈমাসিক শেষ হয়েছে। ১৭ অক্টোবর ২০২১ তারিখের মধ্যে ১ম ত্রৈমাসিক অগ্রগতির প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের নির্দেশনা রয়েছে। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের ২০২১-২০২২ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ১ম ত্রৈমাসিক অগ্রগতির প্রতিবেদন পর্যালোচনা ও অনুমোদনের জন্য আজকের সভার আয়োজন করা হয়েছে। তিনি ১ম ত্রৈমাসিক অগ্রগতির প্রতিবেদন সভায় উপস্থাপনের জন্য বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব মোঃ ফজলুর রহমানকে অনুরোধ জানান। বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা ২০২১-২০২২ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ১ম ত্রৈমাসিক অগ্রগতির প্রতিবেদন সভায় উপস্থাপন করেন। তিনি বলেন যে, ২০২১-২০২২ অর্থবছরে এটি নৈতিকতা কমিটির ২য় সভা। ইতোপূর্বে ১৫ জুলাই ২০২১ তারিখে নৈতিকতা কমিটির ১ম সভা অনুষ্ঠিত হয়েছে।

৩. তিনি আরো জানান যে, কর্মপরিকল্পনা অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে এবং ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। আওতাধীন অধিদপ্তর-দপ্তর-সংস্থা কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ০৩ জুন, ২০২১ তারিখে কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। ২০২১-২০২২ অর্থবছরের ক্রয় পরিকল্পনা (প্রকল্পের অনুমোদিত বার্ষিক পরিকল্পনাসহ) ২৭ জুলাই ২০২১ তারিখে ওয়েবসাইটে প্রকাশিত হয়েছে। প্রকল্পের PSC এর ২৩টি সভা ও PIC এর ১৫ টি সভা অনুষ্ঠিত হয়েছে। জুলাই-সেপ্টেম্বর'২০২১ মাসে পেনশনের ১০২ টি প্রস্তাব এর বিপরীতে ১০২টি পেনশন মঞ্জুরি (১০০%) প্রদান করা হয়েছে। সভাপতি ১০০% পেনশন মঞ্জুরি করায় সংশ্লিষ্ট শাখাকে ধন্যবাদ জ্ঞাপন করেন। বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা আরো জানান যে, কর্মপরিকল্পনার ৩.২ ক্রমিকে "পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তরের পরিদর্শন কার্যক্রমের যথার্থতা মূল্যায়ন" কার্যক্রম রয়েছে। এ কার্যক্রমটি শতভাগ বাস্তবায়নের জন্য তিনি পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তরের সহযোগিতা কামনা করেন। পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তরের যুগ্ম-পরিচালক এ বিষয়ে শতভাগ সহযোগিতার আশ্বাস প্রদান করেন। তিনি অন্যান্য কার্যক্রম বাস্তবায়নে আওতাধীন সংশ্লিষ্ট দপ্তরের সহযোগিতা কামনা করেন।

৪. সভাপতি সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানদের সকল কার্যক্রম বাস্তবায়নে প্রয়োজনীয় সকল সহযোগিতা প্রদানের নির্দেশ প্রদান করেন। তিনি বলেন যে, তথ্য অধিকার আইন-২০০৯ অনুযায়ী নির্দিষ্ট সময়ের মধ্যে তথ্য প্রদান, প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তি, সিটিজেন চার্টার অনুযায়ী সেবা গ্রহীতাদের সেবা প্রদান শুদ্ধাচার সংশ্লিষ্ট কার্যক্রম। সুতরাং কার্যক্রমগুলো নির্দিষ্ট সময়ের মধ্যে শতভাগ বাস্তবায়ন করতে হবে। পরবর্তীতে ২০২১-২০২২ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ১ম ত্রৈমাসিক অগ্রগতির প্রতিবেদন নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

৫. <u>সিদ্ধান্তসমূহ</u>:

৫.১ ২০২১-২০২২ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ১ম ত্রৈমাসিক অগ্রগতির প্রতিবেদন অনুমোদন করা হয়, যা ১৭ অক্টোবর ২০২১ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে;

৫.২ অধিদপ্তর-দপ্তর-সংস্থার ২০২১-২০২২ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ১ম ত্রৈমাসিক অগ্রগতির প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখায় প্রেরণ করতে হবে;

৫.৩ শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে;

৫.৪ ২০২১-২০২২ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা শতভাগ বাস্তবায়নের জন্য এখন থেকে সকলকে সচেষ্ট থাকতে হবে;

৫.৫ তথ্য অধিকার আইন-২০০৯ অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রদান করতে হবে;

৫.৬ GRS সফ্টওয়্যার ব্যবহার করে প্রাপ্ত অভিযোগসমূহ দ্রুত নিষ্পত্তি করতে হবে এবং

৫.৭ সিটিজেন চার্টার অনুযায়ী সেবাগ্রহীতাদের সেবা প্রদান নিশ্চিত করতে হবে এবং ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ করতে হবে।

৬. সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বা:/-
(মোঃ মাহবুব হোসেন)
সচিব
ও
সভাপতি, নৈতিকতা কমিটি।

স্মারক নং: ৩৭.০০.০০০০.০৭৫.০১.০০১.২১.২৬০

তারিখ: ২৮ আশ্বিন ১৪২৮ বঙ্গাব্দ / ১৩ অক্টোবর ২০২১ খ্রিস্টাব্দ

<u>বিতরণ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)</u>:

১. অতিরিক্ত সচিব (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
২. মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের আওতাধীন অধিদপ্তর-দপ্তর-সংস্থা (সকল)।
৩. উপসচিব (প্রশাসন অধিশাখা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৫. সিনিয়র সহকারী সচিব (শুদ্ধাচার শাখা), মন্ত্রিপরিষদ বিভাগ।
৬. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৭. অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

(মোঃ ফজলুর রহমান)
সিনিয়র সহকারী সচিব